# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৯. ২৬. দুষ্ট ধার্মিকের প্রায়শ্চিত্ত না ধার্মিক দুষ্টের প্রায়শ্চিত্ত?

ধার্মিকের মুক্তিপণ হিসেবে অধার্মিক কষ্ট বা সাজা পাবে? না অধার্মিকের মুক্তিপণ হিসেবে ধার্মিক কষ্ট ভোগ করবেন? বাইবেলে পরস্পর বিরোধী কথা পাওয়া যায়। হিতোপদেশ বা মেসাল পুস্তক থেকে জানা যায় যে, পাপীরা হচ্ছে ধার্মিকদের ফিদিয়া, কাফফারা বা মুক্তির মূল্যস্বরূপ: ‘‘দুষ্ট ধার্মিকদের মুক্তির মূল্যস্বরূপ, বিশ্বাসঘাতক সরলদের পরিবর্তন স্বরূপ (The wicked shall be a ransom for the righteous, and the transgressor for the upright)।’’ কি. মো.-০৬: ‘‘শেষে নির্দোষ লোকদের বদলে দুষ্টেরা আর সৎ লোকদের বদলে বেঈমানেরা কষ্ট পাবে।’’ (হিতোপদেশ/ মেসাল ২১/১৮)

এ থেকে জানা যায় যে, পাপীরাই ধার্মিকদের প্রায়শ্চিত্ত বা কাফ্ফারা। পাপীরা পাপের জন্য যে শাস্তিভোগ করবে তা-ই ধার্মিকদের পাপের কাফফারা বলে গণ্য হবে। কিন্তু ১ যোহন /১-২ ঠিক বিপরীত কথা লেখেছে, যে ধার্মিক যীশুই পাপীদের কাফ্ফারা:

ইংরেজি: “Jesus Christ the righteous..he is the propitiation (RSV expiation) for our sins: and not for ours only, but also for the sins of the whole world.”

আরবি: (يسوع البار وهو كفارة لخطايانا. ليس لخطايانا فقط بل لخطايا كل العالم أيضا)

অর্থাৎ: ‘‘ধার্মিক যীশু খৃস্ট...তিনি আমাদের পাপসমূহের কাফ্ফারা/প্রায়শ্চিত্ত।’’

কেরি: ‘‘তিনি ধার্মিক যীশু খৃস্ট। আর তিনিই আমাদের পাপার্থক প্রায়শ্চিত্ত, কেবল আমাদের নয়, কিনতু সমস্ত জগতেরও পাপার্থক।’’

জুবিলী: ‘‘সেই যীশুখ্রীষ্ট, ধর্মাত্মা যিনি...আমাদের পাপের জন্য প্রায়শ্চিত্তস্বরূপ...’’

পবিত্র বাইবেল-২০০০ ও কিতাবুল মোকাদ্দস-২০০৬: ‘‘তিনিই ধার্মিক যীশু খ্রীষ্ট/ ঈসা মসীহ, যিনি নির্দোষ। আমাদের পাপ/গুনাহ দূর করবার জন্য খ্রীষ্ট/ মসীহ তাঁর নিজের জীবন কোরবানী করে আল্লাহকে সন্তুষ্ট করেছেন।’’ কিতাবুল মোকাদ্দস-২০১৩: ‘‘তিনি ধার্মিক ঈসা মসীহ। আর তিনিই আমাদের গুনাহর কাফ্ফারা দিয়েছেন...।’’

সুপ্রিয় পাঠক, বিভিন্ন অনুবাদের উদ্ধৃতি প্রদান করলাম, যেন আপনি মূল অর্থটা অনুধাবন করতে পারেন। অনুবাদ বিভিন্ন রকম হলেও, মূলপাঠের একটাই অর্থ: ধার্মিকই পাপীর কাফফারা বা মুক্তির মূল্য। ধামির্ক, নিরপরাধ বা নির্দোষ যীশুকে শাস্তি বা কোরবানি প্রদানের মাধ্যমে সকল পাপীর সকল পাপের প্রায়শ্চিত হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14108

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন